## ইএলএল কর্মসূচি নির্বাচন এবং ভর্তি সংক্রান্ত গুরুত্বপূর্ণ স্মারক

- একজন ইংরেজী ভাষা শিক্ষার্থীকে (ইএলএল) তালিকাভুক্ত হওয়ার দশ দিনের মধ্যে অবশ্যই একটি উত্তরণমূলক দ্বি-ভাষী শিক্ষা (টিবিই), দ্বৈত-ভাষী কর্মসূচি অথবা স্বতন্ত্র দ্বিতীয় ভাষা হিশেবে ইংরেজি (ইএসএল) কর্মসূচিতে ভর্তি হতে হবে।
- গবেষণা অনুযায়ী দেখা গেছে যে, যে শিক্ষার্থীরা লাগাতারভাবে একই কর্মসূচিতে থাকে তারা অধিক দ্রুততার সাথে ইংরেজিতে দক্ষতা অর্জন করে এবং যেসব শিক্ষার্থীরা এক কর্মসূচি থেকে অন্য কর্মসূচিতে বারবার পরিবর্তন করে তাদের চেয়ে লেগে-থাকা শিক্ষার্থীরা অ্যাকাডেমিকভাবে ভাল ফল করে।
- যদি আপনার নির্বাচিত টিবিই কর্মসূচি আপনার স্কুলে পাওয়া না যায়, তাহলে স্কুলের কর্মীরা আপনাকে জানাবে ডিস্ট্রিক্ট-এর অন্য কোন স্কুলে টিবিই কর্মসূচিটি আছে এবং সেখানে বদলির জন্য আপনি অনুরোধ করতে পারেন। সকল ইংরেজি ভাষা শিক্ষার্থীকে অবশ্যই অন্তত একটি ইএসএল কর্মসূচি নিতে হবে।
- আপনি যদি পিতামাতা সমীক্ষা এবং কর্মসূচি নির্বাচন ফরম্ পূরণ করে না থাকেন,তাহলে স্কুল স্বতোক্রিয়ভাবে আপনার সন্তানকে একটি টিবিই কর্মসূচিতে ভর্তি করবে যদি কর্মসূচিটি থেকে থাকে। অন্যথায় তাদেরকে একটি ইএসএল কর্মসূচিতে ভর্তি করা
- আপনার সন্তান যদি একবার নিউ ইয়র্ক স্টেট ইংলিশ অ্যাজ এ সেকেন্ড ল্যাঙ্গুয়েজ এ্যাচিয়েভমেন্ট টেস্ট (এনওয়াইএসইএসএলএটি)-এ প্রয়োজনীয় স্তরের দক্ষতা দেখাতে পারে, তাহলে সে একটি পূর্ণাঙ্গ ইংরেজি ভাষায় নির্দেশনার কর্মসূচিতে ভর্তি হতে পারবে। আপনার সন্তান দ্বিভাষী বা ইএসএল সহায়তাও পেতে পারে।
- প্রতি স্কুল-বর্ষ শুরুর আগে আপনার সন্তানের ইংরেজি ভাষায় দক্ষতার ওপর ভিত্তি করে (যা এনওয়াইএসইএসএলএটি টেস্টে-এ প্রাপ্ত ফল অনুযায়ী নির্ধারিত হয়) আপনাকে তার অব্যাহত সেবামূলক সহায়তা-প্রাপ্তির যোগ্যতা সম্পর্কে অবগত করা হবে।
- বিশেষ শিক্ষা সহায়তা প্রাপ্ত ইংরেজি ভাষা শিক্ষার্থীরা শিক্ষার্থীর ব্যক্তিক শিক্ষা পরিকল্পনা (আইইপি) (Individual Education Plan, IEP) অনুযায়ী পরিষেবা লাভ করবে।

## আপনি আপনার সন্তানের শিক্ষায় নিম্নলিখিত উপায়ে অংশগ্রহণ করতে পারেন:

- নিশ্চিত করুন যে, আপনার সন্তান প্রতিদিন লেখাপড়া শিখতে স্কুলে প্রস্তুত হয়ে আসে।
- নিশ্চিত করুন যে, আপনার সন্তান অ্যাকাডেমিক বিষয়ে পড়াশুনা এবং কাজ করে এবং নিয়মিত তাকে দেয়া হোমওয়ার্ক করে।
- স্কুলের কার্যক্রম যেমন ক্লাসের বাইরে ভ্রমণ, সভা, এবং শিক্ষক-অভিভাবক/অভিভাবক এসোসিয়েশন-এর সভা ইত্যাদিতে অশংগ্রহণ করুন।
- সকল পিতামাতা-শিক্ষক বৈঠকে অংশগ্রহণ করুন।
- পিতামাতা কর্মশালা এবং অধিবেশন যা বিশেষভাবে তৈরি হয়েছে আপনার সন্তানকে সহায়তাদানের উদ্দেশ্যে সেগুলোতে অংশগ্রহণ করুন।
- আপনার সন্তানকে একটি লাইব্রেরি কার্ড বানিয়ে দিতে সহায়তা করুন এবং ঘন ঘন তাকে লাইব্রেরিতে নিয়ে যান।
- স্কুলে একজন পিতামাতা স্বেচ্ছাসেবী হিশেবে কাজ করুন।
- বাড়িতে লেখাপড়ার করার অনুকূল পরিবেশ তৈরি করুন।
- প্রতিদিন আপনার সন্তানের সাথে আপনাদের নিজস্ব ভাষায় পড়ুন এবং তাকে প্রতিদিন ৩০ মিনিট করে পড়তে উৎসাহিত করুন।

### অতিরিক্ত তথ্যের জন্য আপনি

- আপনার সন্তানের শিক্ষক, প্রিন্সিপ্যাল অথবা প্যারেন্ট কোঅর্ডিনেটরের সাথে কথা বলুন।
- আপনার স্থানীয় রিজিওনাল অথবা ডিস্ট্রিক্ট অফিসের ঠিকানা জানতে ৩১১-এ ফোন করুন এবং তা পরিদর্শন করুন।
- ইংরেজি ভাষা শিক্ষার্থীদের অফিসে (২১২) ৩৭৪-৬০৭২ নম্বরে কল করুন।
- ডিপার্টমেন্ট অব এডুকেশনের ওয়েব সাইট: http://schools.nyc/gov/academics/ELL দেখুন।

T&I-9528 (Bengali)

NYC Department of Education
Joel I. Klein
Chancellor



NYC Department of Education

# ইংরেজি ভাষা শিক্ষার্থীদের পিতামাতার জন্য নির্দেশিকা



অফিস অব ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার্স

## আমাদের উদ্দেশ্য:

ইংরেজি ভাষা শিক্ষাথী অফিস (ইএলএল) ইংরেজি ভাষা শিক্ষাথী এবং তাদের পরিবারসমূহের জন্য শিক্ষক সংখ্যা বৃদ্ধি এবং স্কুল নেতৃত্বকে সহায়তা দিয়ে, পিতামাতাদের অংশগ্রহণ এবং উপকরণ উন্নয়নের মাধ্যমে একটি সহজলভ্য ও চমৎকার শিক্ষা ব্যবস্থা প্রদান করে।

এ অফিসটি একটি কঠোর শিক্ষণ পরিবেশ সৃষ্টির লক্ষ্যে দৃঢ় প্রচেষ্টা চালায়, যা অ্যাকাডেমিক সাফল্য, ভাষাগত এবং সামাজিক উন্নয়ন এবং বহু-সাংস্কৃতিক সহায়তায় নিবিষ্ট।

প্রিয় পিতামাতা অথবা অভিভাবক:

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশনের ইংরেজি ভাষা শিক্ষাথী অফিস আপনার সন্তানের অ্যাকাডেমিক সাফল্য কামনা করে। এ জন্য আমরা আপনাদেরকে আমাদের স্কুলে সেসব কর্মসূচির কথা জানাতে অত্যন্ত আগ্রহী যা নতুন ভর্তি হওয়া শিক্ষাথী যাদের ইংরেজি ভিন্ন অন্য একটি ভাষা আছে এবং স্কুলে ইংরেজি ভাষা দক্ষতার অর্জনে সহায়তার প্রয়োজন রয়েছে। আমরা এই সকল নতুন শিক্ষাথীদেরকে ইংরেজি ভাষা শিক্ষাথী (ইএলএল) নামে ডাকি।

নিউ ইয়র্ক সিটির ইংরেজি ভাষা শিক্ষাথীদের কর্মসূচি শুধু ইংরেজি ভাষা শিক্ষাকে ত্বরান্বিত করা ছাড়াও অনেক কিছু করে থাকে। ১৫০টি ভিন্ন ভাষার প্রতিনিধিত্বকারী বর্তমানে ১৪৮,০০০ জনেরও বেশি ইংরেজি ভাষা শিক্ষাথী নিয়ে আমাদের কর্মসূচি ভাষা শিক্ষার বিষয়টি অতিক্রম করে তাদের নিজের ভাষায় সাক্ষরতা, বিজ্ঞান ও গণিতের মতো অন্যান্য অ্যাকাডেমিক বিষয়ে তাদের বহুবিধ প্রতিভা এবং দক্ষতা বৃদ্ধির সহায়তা দিয়ে থাকে। ইংরেজি ভাষা শিক্ষাথীদের আমাদের স্কুলগুলোতে অ্যাকাডেমিকভাবে সফল হতে অবশ্যই তাদের গ্রেড পর্যায়ের ছাত্র-ছাত্রীদের স্টেট ও সিটির কঠোর মানেপৌঁছাতে হবে। এটার জন্য শুধু ইংরেজিতে সহায়তার চেয়েও বেশি কিছুর প্রয়োজন রয়েছে।

নিউ ইয়র্ক সিটিতে শিক্ষাথীদের ইংরেজি ভাষায় ভর্তি

থাকাকালীন সময়ে তাদের স্বদেশী ভাষা এবং অন্যান্য বিষয়ে দক্ষতা বৃদ্ধির জন্য দ্বি-ভাষী কর্মসূচি (উত্তরণমূলক দ্বি-ভাষী শিক্ষা এবং দ্বৈত-ভাষা) দেয়া হয়। আমরা দ্বিতীয় ভাষা হিসেবে ইংরেজী শিক্ষার জন্য কর্মসূচি (ইএসএল) দিয়ে থাকি যা শিক্ষাথীদের ইংরেজি ভাষার মাধ্যমে নতুন ভাষ-াগত দক্ষতা এবং অন্যান্য বিষয়ে শিক্ষার উন্নয়নে সহায়তা প্রদানের জন্য বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করে। শিক্ষাথীদের দক্ষতার স্তর-ভিত্তিক অবস্থানের উপর ভিত্তি করে প্রস্তুত করা সকল কর্মসূচি ইএসএল শিক্ষাথীদের সাহায্য করে।

আপনার সন্তানের অ্যাকাডেমিক এবং সাংস্কৃতিক প্রয়োজনের সাথে খাপ-খাওয়ানো কর্মসূচি নির্বাচনের ক্ষেত্রে পিতামাতা হিশেবে আপনি প্রধান ভূমিকা পালন করেন। আমরা এ সমস্ত ব্যাপারে সিদ্ধান্ত নেয়ার ব্যাপারে আপনাদের সাথে কাজ করতে এবং আপনার সন্তানের লেখাপড়ায় অংশগ্রহণের জন্য আপনাকে ধন্যবাদ জানাতে চাই। আপনি আপনার স্কুলের প্যারেন্ট কোঅর্ডিনেটর বা স্কুলের কর্মীদের কাছে ইংরেজি ভাষা শিক্ষাথীদের কর্মসূচি সম্পর্কে নির্দ্বিধায় প্রশ্ন করতে পারেন অথবা এই প্রচার-পুস্তিকায় দেয়া যোগাযোগের বিভিন্ন সূত্রসমূহকে ব্যবহার করতে পারেন। আমরা আপনার এবং আপনার সন্তানের জন্য একটি আনন্দময় এবং সফল বছর কামনা করি।

আপনার বিশ্বস্ত,
*ইংরেজী ভাষা শিক্ষাথী অফিস*

# ইংরেজি ভাষা শিক্ষাথী বিষয়ে বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলী

### *আমার সন্তান যে একজন ইংরেজি ভাষা শিক্ষাথী, একটি স্কুল কীভাবে তা নিশ্চিত করে?*

নতুন ভর্তি হওয়া শিক্ষাথীর পিতামাতা বা অভিভাবককে বাড়িতে ব্যবহৃত ভাষা চিহ্নিতকরণ একটি জরিপ ফরম (এইচএলআইএস) আবশ্যিকভাবে পূরণ করতে হয়। স্কুলের কর্মচারীরা এই জরিপ থেকে বাড়িতে আপনারা কী ভাষা ব্যবহার করেন, তা জানতে পারেন। যদি এই এইচএলআইএস নির্দেশ করে যে আপনার সন্তান বাড়িতে ইংরেজি ব্যতীত অন্য কোন ভাষা ব্যবহার করে, তাহলে তাকে একটি ইংরেজি ভাষার দক্ষতার পরীক্ষা দিতে হয়, যাকে বলা হয়, ল্যাঙ্গুয়েজ এ্যাসেসমেন্ট ব্যাটারি-রিভাইজ্ড্ (LAB-R)। এ পরীক্ষার ফলাফল আপনার সন্তানের ইংরেজি ভাষা সহায়তা প্রাপ্তির বিষয়টি নির্ধারণ করে। (যদি LAB-R ফলাফল নির্দেশ করে যে, কোন শিক্ষাথী ইংরেজি ভাষা শিক্ষাথী এবং তার বাড়ীতে স্প্যানিশ ভাষা ব্যবহার করা হয়, তাহলে তাকে একটি ভাষার প্রাধান্য যাচাইয়ের জন্য স্প্যানিশ LAB দিতে হবে।)

### *আমার সন্তান যে ইংরেজি ভাষা উন্নয়ন সহায়তার জন্য যোগ্য, এ সম্পর্কে কে আমাকে জানাবে?*

ইংরেজি ভাষা শিক্ষাথীদের চিহ্নিত করা, তাদেরকে জানানো এবং যথাযথ ইএলএল কর্মসূচিতে ভর্তি করার দায়িত্ব স্কুলের।

### *একবার আমার সন্তানের উপযুক্ততার অবস্থান সম্পর্কে জানতে পারার পর, কীভাবে আমি ইংরেজি ভাষা শিক্ষাথীদের সম্পর্কে আরো তথ্য জানতে পারবো?*

নতুন ভর্তি হওয়া শিক্ষাথীদের পিতামাতা বা অভিভাবকদের স্কুলে যে সব ইএলএল কর্মসূচি পাওয়া যেতে পারে, সে সম্পর্কে অবহিত করার জন্য স্কুলগুলো তথ্য-পরিচিতি সভা আয়োজন করতে বাধ্য। এ সব তথ্য-পরিচিতি সভায় আপনি আপনার বাড়িতে ব্যবহৃত ভাষায় ইএলএল কর্মসূচি সংক্রান্ত তথ্যাদি পেতে পারেন এবং ইএলএল সম্পর্কিত প্রশ্ন করতে পারেন (সম্ভাব্য ক্ষেত্রে অনুবাদকের সহায়তা নিয়ে)। প্রত্যেক তথ্য-পরিচিতি সভায়, স্কুলের কর্মচারীরা পিতামাতা জরীপ এবং কর্মসূচি নির্বাচন ফরম সংগ্রহ করেন যাতে আপনার সন্তানের জন্য আপনি যে কর্মসূচির আবেদন জানাচ্ছেন তার উল্লেখ থাকবে।

### *আমার সন্তানের জন্য কোন্ কোন্ ইএলএল কর্মসূচি পাওয়া যাবে?*

- ***উত্তরণমূলক দ্বি-ভাষী শিক্ষা (টিবিই)*** (Transitional Bilingual Education, TBE) কর্মসূচির ভাষা শৈলী এবং মূল বিষয়গুলো শিক্ষা দেয়া হয় শিক্ষাথীর দেশীয় ভাষায় এবং ইংরেজিতে, একই সাথে দ্বিতীয় ভাষা হিসেবে ইংরেজিতে দেয়া হয় কঠোর শিক্ষা নির্দেশনা। শিক্ষাথীরা তাদের জন্মগত ভাষায় লব্ধ জ্ঞান এবং অ্যাকাডেমিক দক্ষতা বৃদ্ধির সাথে সাথে যেভাবে ইংরেজিতে দক্ষতা বৃদ্ধি করতে থাকবে ঠিক সেভাবেই তাদের ইংরেজিতে শিক্ষা বাড়ানো হবে এবং দেশীয় ভাষায় নির্দেশনা কমতে থাকবে।
- ***দ্বৈত-ভাষা*** (Dual Language) কর্মসূচিতে অর্ধেক শিক্ষা দেয়া হয় ইংরেজিতে এবং অর্ধেক শিক্ষা দেয়া হয় ইংরেজি ভাষা শিক্ষাথীদের স্বদেশী ভাষায় (যেমন: স্প্যানিশ, চাইনিজ, হেশিয়ান ক্রেওল)। দেশীয় ভাষার শিক্ষাথী ও ইংরেজি ভাষা শিক্ষাথীদের পাশাপাশি শিক্ষা দেয়া হয় যাতে করে শিক্ষাথীরা হয় উভয়-সংস্কৃতি, এবং উভয় ভাষায় দক্ষ হয়।
- ***স্বতন্ত্র দ্বিতীয় ভাষা হিশেবে ইংরেজিতে (ইএসএল)*** (Freestanding English as a Second Language, ESL) বিশেষ শিক্ষা পরিকল্পনার মাধ্যমে সকল ভাষা শৈলী এবং অন্যান্য বিষয়ের লেখাপড়া হয় ইংরেজি ভাষার মাধ্যমে। জন্মগত ভাষায়ও সহায়তা পাওয়া যায়।

### *আমার সন্তান কখন ইএলএল কর্মসূচি থেকে বেরিয়ে এসে একভাষী ইংরেজি ক্লাসে যেতে পারবে?*

আপনার সন্তান যখন নিউ ইয়র্ক স্টেট ইংলিশ এ্যাজ এ সেকেন্ড ল্যাঙ্গুয়েজ এ্যাচিয়েভমেন্ট টেস্ট-এ (এনওয়াইএসইএসএলএটি) (New York State English as a Second Language Achievement Test, NYSESLAT) ইংরেজিতে একটি নির্দিষ্ট স্তরের ফলাফল দেখাতে পারে, তখন সে একভাষী শিক্ষা কার্যক্রমে যেতে পারবে। ( দ্বৈত-ভাষী কর্মসূচির শিক্ষাথীদের তাদের পুরো মেয়াদকালীন কর্মসূচিতে থেকে যাওয়ার জন্য পরামর্শ দেয়া হয়।) যদি আপনার সন্তান ইংরেজিতে দক্ষতা অর্জনের পর পূর্ণাঙ্গ ইংরেজি ক্লাসে স্থানান্তরিত হয়, তাহলে সে প্রয়োজনানুযায়ী দ্বি-ভাষী অথবা ইএসএল সহায়তা পেতে পারে।